গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

স্মারক নং: ১২.০২.০০০০.০১২.০৬.০০১.১৫- ৫৭২ তারিখঃ ২৮-০৯-২০১৬।

## সভার নোটিশ

২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে অন্তর্ভূক্ত কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্প এবং রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীর আগষ্ট,২০১৬ পর্যন্ত সময়ে বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা আগামী ২৯-০৯-২০১৬ তারিখ (বৃহস্পতি বার) সকাল ৯.৩০ ঘটিকায় কৃষি বিপণন অধিদপ্তরের সম্মোলন কক্ষে অনুষ্ঠিত হবে। সভায় সভাপতিত্ব করবেন কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক, জনাব মোঃ মাহবুব আহমেদ।

২। সভায় আলোচ্য সূচীঃ

২.১) ২৯-৮-২০১৬ তারিখে অনুষ্ঠিত প্রকল্প/কর্মসূচীর অগ্রগতি ( জুলাই, ২০১৬) পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

২.২) ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্প ও রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীর (আগষ্ট, ২০১৬) পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।

২.৩) ২৯-০৮-২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির পর্যালোচনা।

২.৪) বিবিধ।

৩। প্রকল্প বাস্তবায়নের হালনাগাদ, পরিস্থিতি, সমস্যা এবং তা নিরসন সম্পর্কিত প্রস্তাবসহ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও প্রকল্প/কর্মসূচী পরিচালকদের উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ২৮-০৯-২০১৬ তারিখ সভার কার্যপত্র।


(আনারুল কবির)
উপ-পরিচালক (পিপি)
ফোনঃ ৯১১৪৮২২
e-mail: dc_p@dam.gov.bd


**কার্যার্থে অনুলিপিঃ (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।**

১। প্রধান (গবেষণা ও উন্নয়ন), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
২। উপ-পরিচালক (বাজার তথ্য), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৩। উপ-পরিচালক (আরইটিসি), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৪। উপ- পরিচালক ( পিপি), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৫। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল বিভাগ।
৬। উপ পরিচালক(শগঋপ), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৭। প্রকল্প পরিচালক, পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (বিপণন অংগ), বাগেরহাট।
৮। প্রকল্প পরিচালক (অঃ দাঃ), সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ), খামারবাড়ি, ঢাকা।
৯। উপ-প্রকল্প পরিচালক, মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (বিপণন অংগ), কুষ্টিয়া।
১০। কর্মসূচী পরিচালক, বসতবাড়িতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী, রংপুর।
১১। সহকারী পরিচালক (পিপি), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
১২। বাজার কর্মকর্তা (পিপি), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃআঃ যুগ্ম-প্রধান, কৃষি মন্ত্রণালয়)।
২। সহকারী পরিচালক (প্রশাসন), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
(সভায় আগত অতিথীদের আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধ সহ)
৩। সহকারী পরিচালক (প্রশিক্ষন ও সমন্বয়), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৪। সিস্টেম এ্যাডমিন (আইসিটি সেল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি,ঢাকা (ওয়েব সাইড-এ প্রকাশের অনুরোধসহ)।
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।
(www.dam.gov.bd)

**বিষয়ঃ সেপ্টেম্বর ২০১৬ মাসে অনুষ্ঠিতব্য কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভুক্ত কর্মসূচীসমূহের অগ্রগতি পর্যালোচনা (আগষ্ট, ২০১৬ পর্যন্ত) সভার কার্যপত্র।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ মাহবুব আহমেদ, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর। |
| স্থান | : | সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা। |
| সময় | : | সকাল ০৯:৩০ ঘটিকা। |
| তারিখ | : | ২৯ সেপ্টেম্বর, ২০১৬ খ্রিঃ। |

**০১। আলোচ্য সূচী-১: ২৯/০৮/২০১৬ তারিখে অনুষ্ঠিত প্রকল্প ও কর্মসূচী'র পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণঃ**

২৯ আগষ্ট, ২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী গত ১৫/০৯/২০১৬ তারিখে সংশ্লিষ্টদের মাঝে বিতরণ করা হয়েছে। বিতরণকৃত কার্যবিবরণীর বিষয়ে কোন সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি। সভার কার্যবিবরণীটি নিশ্চিত করা যেতে পারে।

**০২। আলোচ্য সূচী-২: ২০১৬-১৭ অর্থ বছরের অধিদপ্তরের আওতায় এডিপিভুক্ত প্রকল্প ও কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির বিবরণঃ**

২.১: ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্পের অনুকূলে বরাদ্দ, অবমুক্তি ও অগ্রগতি (আগষ্ট, ২০১৬ পর্যন্ত):

(লক্ষ টাকা)

| ক্রঃ নং | প্রকল্প/ কর্মসূচীর নাম ও বাস্তবায়ন কাল | ডিপিপিতে মোট প্রক্কলিত ব্যয় | ২০১৬-১৭ সালের এডিপি বরাদ্দ | | অবমুক্তি (বরাদ্দে %) | ২০১৬-১৭ সালের বরাদ্দের বিপরীতে অগ্রগতি | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | জুলাই/২০১৬ইং মাস পর্যন্ত | | আগষ্ট/২০১৬ইং মাস পর্যন্ত | | |
| | | | মোট | জিওবি (পিএ) | | আর্থিক (%) | বাস্তব | আর্থিক (%) | বাস্তব | |
| ***প্রকল্প*** | | | | | | | | | | |
| (ক) | মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত) (ডিএএম অংগ) (০১/০৭/২০১১ হতে ৩০/০৬/২০১৭) | ৯৬৫.০০ | ১১৮.০০ | ১১৮.০০ (-) | ০০ | - | - | ০০ | ২৫% | বর্তমান অবস্থা সম্পর্কে উপ-প্রকল্প পরিচালক সভাকে অবহিত করতে পারেন। |
| (খ) | পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত) (ডিএএম অংগ) (০১/০৭/২০১২ হতে ০/০৬/২০১৭) | ১,০০৯.০০ | ২৮৫.০০ | ২৮৫.০০ (-) | ৭১.২৫ (২৫%) | ৪.০৯ (১.৪৪%) | - | ১১.৪৬ (৪.০২%) | ১০% | বর্তমান অবস্থা সম্পর্কে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করতে পারেন। |
| (গ) | সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ) (০১/০৩/২০১৫ হতে ৩০/০৬/২০২০) | ১,৩৭৮.০০ | ৩৩৪.০০ | ৩৩৪.০০ (-) | ৮৩.৫০ (২৫%) | ৫.৮২ (১.৭৪%) | - | ০৮.০১ (২.৪০%) | ১৫% | বর্তমান অবস্থা সম্পর্কে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করতে পারেন। |
| | ***প্রকল্প মোটঃ*** | ৩,৩৫২.০০ | ৭৩৭.০০ | ৭৩৭.০০ (-) | ১৫৪.৭৫ (২১.০০%) | ৯.৯১ (১.৩৪%) | - | ১৯.৪৭ (২.৬৪%) | - | |
| **কর্মসূচী** | | | | | | | | | | |
| (ক) | বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী | ১০০.০০ | ২৩.০০ | ২৩.০০ (-) | ০০ | ০০ | - | ০০ | | কর্মসূচীর অবস্থা বিষয়ে কর্মসূচী পরিচালক সভাকে অবহিত করতে পারেন। |
| | **কর্মসূচী মোটঃ** | ১০০.০০ | ২৩.০০ | ২৩.০০ (-) | ০.০০ (০০%) | ০.০০ (০০%) | - | ০.০০ (০০%) | - | |

২.২: ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্প ও কর্মসূচীর দরপত্র পর্যালোচনা আগষ্ট/২০১৬পর্যন্ত):

| ক্রঃ নং | প্রকল্প/ কর্মসূচীর নাম | দরপত্র/ প্যাকেজের সংখ্যা | দরপত্র আহবান (%) | কার্যাদেশ (%) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | ***প্রকল্প*** | | | | |
| ০১ | মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত) (ডিএএম অংগ) | পন্য: ০১টি<br>কার্য: -<br>সেবা: -<br>**মোট: ০১টি** | পন্য: ০১টি<br>কার্য: -<br>সেবা: -<br>**মোট: ০১টি** | পন্য: -<br>কার্য: -<br>সেবা: -<br>**মোট** | বর্তমান অবস্থা সম্পর্কে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করতে পারেন। |
| ০২ | পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (ডিএএম অংগ) | পন্য: ০১টি<br>কার্য: ০১টি<br>সেবা: -<br>**মোট: ০২টি** | পন্য: ০১টি<br>কার্য: ০১টি<br>সেবা: -<br>**মোট: ০২টি** | পন্য: -<br>কার্য: -<br>সেবা: -<br>**মোট: -** | বর্তমান অবস্থা সম্পর্কে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করতে পারেন। |
| ০৩ | সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ) | পন্য: ০১টি<br>কার্য: ০৩টি<br>সেবা: ০২টি<br>**মোট: ০৬টি** | পন্য: ০১টি<br>কার্য: ০২টি<br>সেবা: ০২টি<br>**মোট: ০৫টি** | পন্য: -<br>কার্য: -<br>সেবা: -<br>**মোট: -** | বর্তমান অবস্থা সম্পর্কে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করতে পারেন। |
| | **প্রকল্প মোটঃ** | পন্য: ০৩টি<br>কার্য: ০৪টি<br>সেবা: ০২টি<br>**মোট: ০৯টি** | পন্য: ০৩টি<br>কার্য: ০৩টি<br>সেবা: ০২টি<br>**মোট: ০৮টি** | পন্য: -<br>কার্য :-<br>সেবা: -<br>**মোট:-** | |
| | কর্মসূচী | | | | |
| ০৪ | বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী। | পন্য: ০৩টি<br>কার্য:<br>সেবা: -<br>**মোট: ০৩টি** | পন্য: -<br>কার্য: -<br>সেবা: -<br>**মোট:** | পন্য: -<br>কার্য : -<br>সেবা: -<br>**মোট: -** | বর্তমান অবস্থা সম্পর্কে কর্মসূচী পরিচালক সভাকে অবহিত করতে পারেন। |
| | **কর্মসূচী মোটঃ** | **মোটঃ ০৩টি** | **মোটঃ** | **মোটঃ -** | |

০৩। আলোচ্য সূচী-৩ ২৯/০৮/২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত ও অগ্রগতি পর্যালোচনাঃযে

| ক্রঃ নং | প্রকল্প/কর্মসূচী | গত সভায় গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|---|---|
| ০১। | **২০১৫-১৬ এর আরএডিপি তে নতুন প্রকল্প প্রস্তাব** | **সিদ্ধান্ত-৩.২.১.** ২০১৫-২০১৬ অর্থ বছরের সবুজ পাতায় অর্ন্তভূক্ত প্রস্তাবিত **"কৃষি পণ্য প্রক্রিয়াকরণ, বাজার সংযোগ ও মূল্য সংযোজন সহায়ক "** শীর্ষক প্রকল্পের জন্য গঠিত যাচাই কমিটির সিদ্ধান্ত অনুযায়ী পেরিফেরিভূক্ত উপ-জেলা গুলোকে অর্ন্তভূক্ত এবং ইতোপূর্বে প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি করার জন্য গঠিত কমিটিকে দ্রুত সময়ের মধ্যে প্রতিবেদন পেশ করতে হবে যাতে দ্রুত সময়ের মধ্যে DPP টি মন্ত্রনালয়ে প্রেরণ করা যায়। | উপ-পরিচালক (পিপি) ও প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি করার জন্য গঠিত কমিটি | প্রস্তাবিত নতুন প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি কার্যক্রম অব্যাহত আছে। চূড়ান্ত প্রতিবেদন পাওয়া যায়নি। প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে বর্ণিত বিষয়ে সংশ্লিষ্টদের ডিপিপি পুনর্গঠন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। |
| | | **সিদ্ধান্ত-৩.২.২.** অধিদপ্তর পুনর্গঠিত হওয়ার প্রেক্ষিতে বিভিন্ন জেলায় নিজস্ব অফিস স্থাপনাসহ প্রক্রিয়াজাতকরণ সুবিধা সৃষ্টির লক্ষ্যে স্থাপনা নির্মাণের নিমিত্ত প্রস্তাবিত সবুজ পাতায় প্রকল্প ভূক্ত জেলাসমূহে জমি প্রাপ্তির বিষয়ে তথ্য | উপ-পরিচালক (পিপি) ও সকল বিভাগীয় উপ-পরিচালক | খুলনা বিভাগীয় উপ-পরিচালক জানিয়েছেন যে, তাগিদপত্র-১ দেয়া হয়েছে। জেলা বাজার কর্মকর্তা খুলনা জানিয়েছেন যে, প্রস্তাবিত প্রকল্পের জন্য ডুমুরিয়া উপজেলায় খাস জমি রয়েছে। সাতক্ষীরা এবং পিরোজপুর জেলায় সরকারী খাস জমি যাচাই বাছাইয়ের |

| ক্রঃ নং | প্রকল্প/কর্মসূচী | গত সভায় গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|---|---|
| | | প্রদানের জন্য সংশ্লিষ্ট ডিএমও/ডিএমআইগণকে পুনরায় পত্র প্রেরণ এবং এ বিষয়ে বিভাগীয় উপ পরিচালকগণ বিভাগীয় সমন্বয় সভায় দিকনির্দেশনা প্রদান করবেন। | | নিমিত্তে জেলা প্রশাসন হতে ভূমি মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। অন্যান্য বিভাগ ও জেলা হতে এ বিষয়ে প্রতিবেদন পাওয়া যায়নি। তবে তারা জানিয়েছেন সংশ্লিষ্ট সকল জেলা বাজার কর্মকর্তাকে খাস জমির তথ্য সংগ্রহের জন্য মৌখিক নির্দেশনা দেয়া হয়েছে। |
| | | **সিদ্ধান্ত-৩.২.৩:** ট্রেনিং সেন্টারের খোলা জায়গায় বর্ষা মৌসুমে বাগান করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | সকল বিভাগীয় উপ-পরিচালক | খুলনা বিভাগের অন্তর্গত প্রশিক্ষণ কেন্দ্রে ইতোমধ্যে বিভিন্ন ধরনের চারা রোপন করা হয়েছে।<br>অন্য কোন বিভাগ হতে এ সংক্রান্ত কোন তথ্য পাওয়া যায়নি। |
| | | **সিদ্ধান্ত-৩.২.৪:** অধিদপ্তরের সকল ট্রেনিং সেন্টারের ভাড়া ও সার্ভিস চার্জ আদায় সংশোধিত নির্দেশিকা অনুযায়ী চলমান রাখতে হবে। | উপ-পরিচালক (আরইটিসি) ও সহকারী পরিচালক (প্রশাসন) | সংশোধিত নির্দেশিকা অনুযায়ী ট্রেনিং সেন্টারের ভাড়া ও সার্ভিস চার্জ আদায়ের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে মর্মে সকল বিভাগীয় উপ-পরিচালকগণ জানিয়েছেন। |
| ০২ | **মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (ডিএএম অংগ)** | **সিদ্ধান্ত-৩.৩.১:** প্রকল্পের আওতায় সংস্কারকৃত শস্য গুদাম ঋণ কার্যক্রম দ্রুত চালু করার নিমিত্ত কৃষক দল গঠন ও স্থানীয় ব্যাংকের সাথে লিংকেজ স্থাপনের মাধ্যমে ব্যাংক ঋণ অনুমোদনের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি (ডিএএম অংগ) | ঝিনাইদহ জেলার সদর উপজেলাধীন ডাকবাংলা বাজার এবং শৈলকূপা উপজেলার গাড়াগঞ্জে ইতোমধ্যে কৃষক দল, গুদাম পরিচালনা কমিটি ও গুদাম উপদেষ্টা কমিটি গঠন করা হয়েছে। ব্যাংক ঋণের বিষয়ে যথাক্রমে স্থানীয় অগ্রণী ও সোনালী ব্যাংকের সাথে গুদাম পরিচালনা কমিটির সদস্যদের মতবিনিময় করানো হয়েছে। শস্য জমা রাখার বিপরীতে ব্যাংক ঋণের আবেদন করলে ঋণ প্রদানের জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক জানানো হয়েছে। |
| | | **সিদ্ধান্ত-৩.৩.২:** শস্যগুদামের মেরামত ও সংস্কার কাজ সম্পন্ন হলে স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে নিয়ে শস্য গুদাম ঋণ কার্যক্রম দ্রুত উদ্বোধন করতে হবে এবং উদ্বোধনের সময় গুদামে ফলক স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি (ডিএএম অংগ) | ঝিনাইদহ জেলার শৈলকূপা উপজেলাধীন গাড়াগঞ্জ বাজারে ০১টি নতুন শস্যগুদামের মেরামত ও সংস্কার কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের সাথে গুদাম উদ্বোধন বিষয়ে আলোচনা করা হয়েছে। আগামী ২০/০৯/২০১৬ ইং তারিখ সকাল ১০.০০ ঘটিকার সময় চেয়ারম্যানের মাধ্যমে গুদাম উদ্বোধন করা হবে। ইতোমধ্যে ফলক তৈরী করা হয়েছে। |

| ক্রঃ নং | প্রকল্প/কর্মসূচী | গত সভায় গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|---|---|
| | | **সিদ্ধান্ত-৩.৩.৩:** Packaging, Sorting, Grading-এর বিষয়ে প্রয়োজনীয় প্রচার-প্রচারণার নিমিত্ত ট্রেইনিং সেন্টারে বিভিন্ন রুমে ডিসপ্লে বোর্ড স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি (ডিএএম অংগ) | প্রকল্পের অধীনে নির্মিত ট্রেনিং সেন্টারে Packaging, Sorting, Grading ইত্যাদি সম্পর্কিত প্রশিক্ষণ বাস্তবায়ন করা হয়েছে। ভবিষ্যতে স্থায়ীভাবে প্রচার-প্রচারণার নিমিত্ত ট্রেনিং সেন্টারের বিভিন্ন রকম ডিসপ্লে বোর্ড স্থাপনের জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| ০৩। | **পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (ডিএএম অংগ)** | **সিদ্ধান্ত-৩.৪.১:** ২০১৫-১৬ অর্থবছরে নির্মিত এসেম্বল সেন্টারের অসমাপ্ত নির্মাণ কাজ দ্রুত সময়ের মধ্যে শেষ করে কার্যকরী প্রচার প্রচারণার মাধ্যমে এসেম্বল সেন্টারগুলোর যথাযথ ব্যবহার নিশ্চিত করা এবং এসেম্বল সেন্টারগুলোতে সাপ্তাহিক বাজারের পাশাপাশি দৈনিক বাজার চালু করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) | এসেম্বল সেন্টারের নির্মাণ কাজের পুর্ণাঙ্গ প্রতিবেদন সভায় উপস্থাপন করা হবে মর্মে প্রকল্প কার্যালয় হতে জানানো হয়েছে। |
| | | **সিদ্ধান্ত-৩.৪.২:** ২০১৬-১৭ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ, মোটিভেশনাল ট্যুর, ওয়ার্কশপ ও অন্যান্য কাজ ডিসেম্বর,২০১৬ এর মধ্যে নুন্যতম ৫০% সম্পন্ন করতে হবে। | প্রকল্প পরিচালক পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) | ২০১৬-১৭ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ, মোটিভেশনাল ট্যুর, ওয়ার্কশপ ও অন্যান্য কাজ ডিসেম্বর,২০১৬ এর মধ্যে নুন্যতম ৫০% সম্পন্ন করা হবে। |
| | | **সিদ্ধান্ত-৩.৪.৩:** ২০১৬-১৭ অর্থবছরে নির্মিতব্য এসেম্বল সেন্টার নির্মাণের ক্ষেত্রে কাউখালী ও নাজিরপুরে সাইট সিলেক্ট করে MOU স্বাক্ষর দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | প্রকল্প পরিচালক পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) | কাউখালী ও নাজিরপুরে MOU স্বাক্ষরিত হয়েছে মর্মে প্রকল্প দপ্তর হতে জানানো হয়েছে। |
| | | **সিদ্ধান্ত-৩.৪.৪:** আগামী ৩১শে আগস্টের মধ্যে যাবতীয় টেন্ডার কাজ অবশ্যাই সম্পন্ন করতে হবে। | প্রকল্প পরিচালক পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) | ইতোমধ্যে টেন্ডার আহ্বান করা হয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানিয়েছেন। |
| ০৪। | **সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ (বিপণন অংগ) প্রকল্প** | **সিদ্ধান্ত-৩.৫.১:** প্রকল্পের আওতায় মৌলভী বাজার ও হবিগঞ্জ জেলায় এসেম্বল সেন্টার নির্মাণ কাজ দ্রুত সময়ের মধ্যে করার জন্য তাগিদপত্র দান অব্যাহত রাখতে হবে। | প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলের শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প | তাগিদপত্র প্রদান অব্যাহত আছে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি থেকে জানিয়েছেন অতিসত্তর ডিজাইন এবং ব্যয় প্রাক্কলন অনুমোদনের জন্য ডিএএম বরাবর প্রেরণ করা হবে। |
| | | **সিদ্ধান্ত-৩.৫.২:** সিলেট জেলায় ০১টি অফিস কাম ট্রেনিং ও প্রসেসিং সেন্টার নির্মানের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলের শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প | প্রধান সহকারী স্থপতি, স্থাপত্য অধিদপ্তর জানিয়েছেন যে, অক্টোবর, ২০১৬ মাসের মধ্যে নকশা প্রস্তুতপূর্বক অনুমোদনের জন্য প্রেরণ করা হবে। |
| | | **সিদ্ধান্ত-৩.৫.৩:** ৩১ আগস্ট/১৬ এর মধ্যে যাবতীয় টেন্ডার কার্যক্রম সম্পন্ন করতে হবে। | প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলের শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প | এ বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানিয়েছেন। |

| ক্রঃ নং | প্রকল্প/কর্মসূচী | গত সভায় গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|---|---|
| | | **সিদ্ধান্ত-৩.৫.৪:** প্রকল্পের সার্ভে ও ডকুমেন্টারী কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলের শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প | প্রকল্প পরিচালক জানিয়েছেন যে, ইতোমধ্যে QCBS পদ্ধতিতে ডকুমেন্টারী তৈরী করার জন্য EOI প্রদান করা হয়েছে। ২১ সেপ্টেম্বর, ২০১৬ তারিখ EOI দাখিলের শেষ তারিখ নির্ধারণ করা হয়েছে। |
| ০৫। | **এনসিডিপি বাজারের হালনাগাদ পরিস্থিতি বিষয়** | **সিদ্ধান্ত-৩.৬.১:** সমাপ্ত এফএমজি কর্মসূচীর আওতায় যে সকল কার্যক্রম (ভ্যান বিতরণ, ব্যানার ইত্যাদি) গ্রহণ করা হয়েছিল তার পূর্ণাঙ্গ ব্যবহার নিশ্চিত করার বিষয়টি বিভাগীয় উপ-পরিচালক তদারকী করবেন এবং জেলা বাজার কর্মকর্তাগণ সংশ্লিষ্ট বিষয়ে লিংকেজ স্থাপন করবেন। | বিভাগীয় উপ-পরিচালক রাজশাহী। | সকল বিষয়ে নিয়মিত তদারকী করা হচ্ছে মর্মে বিভাগীয় উপ-পরিচালক, রাজশাহী, জানিয়েছেন। |
| | | **সিদ্ধান্ত-৩.৬.২:** বন্ধ এনসিডিপি মার্কেট সমূহ চালু করতে কি কি করণীয় তার সুপারিশসহ মন্ত্রণালয়ে প্রেরণযোগ্য একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রধান (গবেষণা ও উন্নয়ন) ও বিভাগীয় উপ-পরিচালক, রাজশাহী পৃথক পৃথকভাবে দ্রুত সময়ে পেশ করবেন। এছাড়া যে মার্কেটগুলো আদৌ চালু হবেনা সে বিষয়ে একটি বিস্তারিত প্রতিবেদন দাখিল ও এগুলো ব্যবহারের মোডালিটি নির্ধারণ করতে হবে। | প্রধান (গবেষণা ও উন্নয়ন) ও বিভাগীয় উপ-পরিচালক রাজশাহী | এ বিষয়ে কোন প্রতিবেদন পাওয়া যায়নি তবে প্রচেষ্টা অব্যাহত আছে মর্মে বিভাগীয় উপ-পরিচালক, রাজশাহী, জানিয়েছেন। |
| | | **সিদ্ধান্ত-৩.৬.৩:** আংশিক চালু ০৬টি এনসিডিপি'র মার্কেট পূর্ণাঙ্গভাবে চালুকরণের জন্য আরো উদ্যোগ গ্রহণ এবং বন্ধ ০৫টি মার্কেট এর বিষয় কর্মপরিকল্পনা প্রেরণ করতে হবে। | প্রধান (গবেষণা ও উন্নয়ন) ও বিভাগীয় উপ-পরিচালক রাজশাহী | এ বিষয়ে কোন কর্মপরিকল্পনা পাওয়া যায়নি তবে কার্যক্রম চলছে মর্মে বিভাগীয় উপ-পরিচালক, রাজশাহী জানিয়েছেন। |
| | | **সিদ্ধান্ত-৩.৬.৪:** রংপুরের মাহিগঞ্জ ও ট্রাক টার্মিনালের এনসিডিপি মার্কেটের সমস্যা ও সমাধানের প্রয়োজনীয়তা নিরুপণ করে আগামী সভার পূর্বে একটি প্রতিবেদন দাখিল করতে হবে। | সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, রংপুর | এ বিষয়ে কোন প্রতিবেদন পাওয়া যায়নি। সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, রংপুর সভাকে অবহিত করতে পারেন। |
| ০৬। | **"বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী** | **সিদ্ধান্ত-৩.৭.১:** নির্বাচিত ১০টি উপ-জেলার যেসকল জমিতে ১০টি আলুর মডেল ঘর তৈরী করা হবে উক্ত জায়গার মালিকদের সাথে এমওইউ কার্যক্রম সম্পন্ন করে দ্রুত সময়ের মধ্যে সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী | সেপ্টেম্বর/২০১৬ মাসের মধ্যে ১০টি মডেল ঘরের সম্মতিপত্র হাতে হাতে দাখিল করা হবে মর্মে কর্মসূচী পরিচালক, রংপুর জানিয়েছেন। |

| ক্রঃ নং | প্রকল্প/কর্মসূচী | গত সভায় গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|---|---|
| | | **সিদ্ধান্ত-৩.৭.২:** ২০১৬-১৭ অর্থবছরে মুন্সিগঞ্জ জেলায় ০৫টি এবং রংপুর ও রাজশাহী অঞ্চলে ১৫টি আলুর মডেল ঘর তৈরীর নিমিত্ত দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী | সেপ্টেম্বর/২০১৬ মাসের মধ্যে আলুর মডেল ঘর নির্মাণের লক্ষ্যে টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করা হবে মর্মে কর্মসূচী পরিচালক, রংপুর জানিয়েছেন। |
| | | **সিদ্ধান্ত-৩.৭.৩:** কর্মসূচীর আওতায় যে কৃষক বিপণন দল ইতোমধ্যে গঠন করা হয়েছে ও ভবিষ্যতে হবে তার তথ্য পূর্বের প্রেরিত ছক মোতাবেক সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী | কোন প্রতিবেদন পাওয়া যায়নি। তবে কর্মসূচীর আওতায় ইতোমধ্যে যে সব বিপণন দল গঠন করা হয়েছে এবং পরবর্তীতে সে সব দল গঠন করা হবে। তার তথ্য পূর্বের প্রেরিত ছক মোতাবেক সদর দপ্তরে প্রেরণ করা হবে মর্মে কর্মসূচী পরিচালক জানিয়েছেন। |
| | | **সিদ্ধান্ত-৩.৭.৪:** যে সকল এলাকায় আলুর ঘর তৈরী করা হবে উক্ত ঘরের উদ্দেশ্য, লক্ষ্য ও উপকারিতা উল্লেখ্য পূর্বক একটি প্রদর্শনী বোর্ড লাগাতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী | বাজেট বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রদর্শণী বোর্ড তৈরীর ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে জানিয়েছেন। |
| | | **সিদ্ধান্ত-৩.৭.৫:** কর্মসূচীর কার্যক্রম সরেজমিনে পরিদর্শন পূর্বক কর্মসূচীর অগ্রগতির প্রতিবেদন বাধ্যতামূলকভাবে প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে পেশ করতে হবে। | আহ্বায়ক কর্মসূচী মনিটরিং টীম | এখন পর্যন্ত কোন প্রতিবেদন পাওয়া যায়নি। এ বিষয়ে কর্মসূচী মনিটরিং টীম-এর আহ্বায়ক ও বিভাগীয় উপ-পরিচালক রাজশাহী সভাকে অবহিত করতে পারেন। |
| | | **সিদ্ধান্ত-৩.৭.৬:** কর্মসূচীর আওতায় টিওটি প্রশিক্ষণে স্থানীয় ব্যবসায়ী এবং গৃহিণীদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী | ২০১৬-১৭ অর্থবছরে বাজেট প্রাপ্তি সাপেক্ষে স্থানীয় ব্যবসায়ী এবং গৃহিণীদের অংশ গ্রহণে টিওটি প্রশিক্ষণের আয়োজন করা হবে মর্মে কর্মসূচী পরিচালক জানিয়েছেন। |
| ০৭। | **দরপত্র অগ্রগতি** | **সিদ্ধান্ত-৩.৮.১:** ২০১৬-১৭ অর্থ বছরের কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী সকল দরপত্র বিশেষ করে নির্মাণ কাজের সময় গণপূর্ত অধিদপ্তর-কে টেন্ডার কাজটি ই-টেন্ডারিং এর মাধ্যমে সম্পন্ন করতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক | এ বিষয়ে প্রকল্প পরিচালকগণ ও কর্মসূচী পরিচালক হতে কোন তথ্য পাওয়া যায়নি। |
| | | **সিদ্ধান্ত-৩.৮.২:** সচিব কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক সকল প্রকল্পের টেন্ডারিং কার্যক্রম ডিসেম্বর,২০১৬ এর মধ্যে ই-সেবার আওতায় আনার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক | প্রকল্পের টেন্ডারিং কার্যক্রম ডিসেম্বর,১৬-এর মধ্যে ই-সেবার আওতায় আনার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে মর্মে সংশ্লিষ্টগণ জানিয়েছেন। তবে বিস্তারিত তথ্য পাওয়া যায়নি। |
| ০৮। | **বিবিধ** | **সিদ্ধান্ত-৪.১:** সমাপ্ত প্রকল্প/কর্মসূচীর আওতায় যে সকল স্থাপনা নির্মাণ, পণ্য সংগ্রহ সংস্কার মূলক কার্যক্রম গ্রহণ ও কৃষক দল গঠণ করা হয়েছে তার পুর্ণাঙ্গ ব্যবহার ও তদারকী নিশ্চিত করতে হবে। | সকল বিভাগীয় উপ-পরিচালক ও সকল প্রকল্প পরিচালক | নির্দেশনাটি বাস্তবায়নের জন্য জেলা বাজার কর্মকর্তা, খুলনাকে গত ১৮ আগষ্ট ২০১৬ তারিখে অত্র দপ্তরের ৯৮৬ নং স্মারকে পত্র দেয়া হয়েছে এবং এ বিষয়ে তদারকী অব্যাহত আছে মর্মে বিভাগীয় উপ-পরিচালক, খুলনা জানিয়েছেন। তবে অন্য কোন বিভাগীয় উপ-পরিচালক ও প্রকল্প পরিচালক হতে তথ্য পাওয়া যায়নি। |

| ক্রঃ নং | প্রকল্প/কর্মসূচী | গত সভায় গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|---|---|
| | | **সিদ্ধান্ত- ৪.২:** যে সকল প্রকল্প ও কর্মসূচী হতে গঠিত কৃষক বিপণন দল/কৃষক দল এর তথ্য পাওয়া যায়নি তাদেরকে সংশ্লিষ্ট তথ্য দ্রুত সময়ের মধ্যে সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক | প্রকল্প পরিচালক পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প জানিয়েছেন যে, গঠিত ২৭০টি কৃষক দল-এর তালিকা সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে এবং উপ-প্রকল্প পরিচালক, মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প জানিয়েছেন যে, ইতোপূর্বে ২২৭টি কৃষক দলের তালিকা সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট ৩৩টি কৃষক দলের তালিকা দ্রুত সদর দপ্তরে প্রেরণ করা হবে। উল্লেখ্য যে, প্রকল্পের ডিপিপিতে মোট ২০০ টি কৃষকদল গঠনের সংস্থান আছে। সমাপ্ত আইকিউএইচডিপি প্রকল্প, সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প ও বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম শীর্ষক কর্মসূচী হতে কোন তথ্য পাওয়া যায়নি। |
| | | **সিদ্ধান্ত-৪.৩:** সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এবং পরবর্তী সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য নতুন কোন আলোচ্য বিষয় থাকলে তা লিখিত আকারে সেপ্টেম্বর/১৬-এর ২য় সপ্তাহের মধ্যে মহাপরিচালক বরাবর পেশ করতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক | পরবর্তী সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য নতুন কোন আলোচ্য বিষয় পাওয়া যায়নি। |
| | | **সিদ্ধান্ত-৪.৪:** আঞ্চলিক ট্রেনিং সেন্টার এর মেশিনারী গুলো চালু এবং ব্যবহার বিষয়ে একটি খসড়া নীতিমালা প্রণয়ণপূর্বক দ্রুততম সময়ের মধ্যে সদর দপ্তরে দাখিল করতে হবে। | সকল বিভাগীয় উপ-পরিচালক ও সহকারী পরিচালক (প্রশাঃ) | উপ-পরিচালক খুলনা বিভাগ জানিয়েছেন যে, নির্দেশটি বাস্তবায়নের জন্য আঞ্চলিক ব্যবস্থাপক শস্য গুদাম ঋণ কর্মসূচী মাগুরা, জেলা বাজার কমকর্তা, খুলনা, যশোর ও চুয়াডাঙ্গা-কে গত ১ সেপ্টেম্বর, ২০১৬ তারিখে পত্র দেয়া হয়েছে। এ বিষয়ে অদ্যবধি কোন প্রতিবেদন পাওয়া যায়নি। অন্য কোন বিভাগ হতে এ সম্পর্কিত তথ্য পাওয়া যায়নি। |

৪। **আলোচ্য সূচী-৪ বিবিধঃ**

৪.১: প্রকল্প/কর্মসূচী পরিচালকগণের প্রস্তাবমতে।

মহাপরিচালকের পক্ষে,

২৭/৯/১৬

(আনারুল কবির)
উপ-পরিচালক (পিপি)
ফোনঃ ৯১১৪৮২২